**খুলনা বিশ্ববিদ্যালয়**
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
সংস্থাপন শাখা-০১

তারিখ: ১৩.০৮.২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী

### (ক) অধ্যাপক (গ্রেড-০৩)

১। প্রার্থীর কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট/এ্যালাইড বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।

২। (ক) পরিসংখ্যান, গণযোগাযোগ ও সাংবাদিকতা, মানব সম্পদ ব্যবস্থাপনা ও ডেভেলপমেন্ট স্টাডিজ ডিসিপ্লিনের প্রার্থীদের সংশ্লিষ্ট/এ্যালাইড বিষয়ে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।

(খ) ড্রইং এন্ড পেইন্টিং ডিসিপ্লিনের প্রার্থীদের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষার যে কোন একটিতে কমপক্ষে প্রথম শ্রেণি থাকতে হবে। অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে যে কোন একটিতে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ৩.২৫ থাকতে হবে।

৩। সকল ডিসিপ্লিনের প্রার্থীদের সংশ্লিষ্ট/এ্যালাইড বিষয়ে ০৪ (চার)/০৫ (পাঁচ) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান), স্নাতকোত্তর এবং পিএইচডি ডিগ্রি থাকতে হবে।

৪। প্রার্থীদের এস.এস.সি ও এইচ.এস.সি উভয় পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে অথবা সিজিপিএ (৫.০০+৫.০০) এর মধ্যে কমপক্ষে মোট ৯.০০ থাকতে হবে।

৫। প্রার্থীর সহযোগী অধ্যাপক হিসেবে ০৫ (পাঁচ) বছরসহ মোট ন্যূনতম ১২ (বার) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।

৬। সকল ক্ষেত্রে প্রার্থীদের স্বীকৃত কোনো জার্নালে (Peer Reviewed) সর্বমোট ন্যূনতম ১২ (বার) টি প্রকাশনা থাকতে হবে। যার মধ্যে সহযোগী অধ্যাপক পদে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকতে হবে। এই ০৬ (ছয়) টির মধ্যে First Author/Corresponding Author হিসেবে ন্যূনতম ০৪ (চার) টি এবং ০৩ (তিন) টি ইমপ্যাক্ট ফ্যাক্টর (Impact Factor)/ইনডেক্সড (Indexed) জার্নালে প্রকাশিত হতে হবে।

## সাধারণ নিয়মাবলী

ক) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে। প্রার্থীর কোনো পরীক্ষায় ৩য় শ্রেণি গ্রহণযোগ্য হবে না।

খ) আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।

গ) অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে অর্জিত কোনো ডিগ্রি কোনো ডিসিপ্লিনে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা যাবে না।

ঘ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠান থেকে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকরিকাল হিসেবে ঐ প্রতিষ্ঠানের চাকরির অর্ধেক সময়কাল বিবেচনা করা হবে।

ঙ) শিক্ষাছুটি নিয়ে কোনো শিক্ষক পোস্ট ডক্টরাল ফেলোশিপ প্রোগ্রামে অংশগ্রহণ করলে সর্বোচ্চ ০২ (দুই) বছরের সক্রিয় শিক্ষাকাল হিসেবে গণ্য করা হবে। তবে ইতোপূর্বে প্রদেয় বন্ড পিরিয়ড অতিক্রান্ত হবার পরই উক্ত শিক্ষক পোস্ট ডক্টরাল ফেলোশিপ প্রোগ্রামে যেতে পারবেন।

চ) সকল ডিসিপ্লিনের ক্ষেত্রে সংশ্লিষ্ট/এ্যালাইড বিষয়ে গবেষণামূলক/পাঠ্য বই অথবা জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক পুরস্কারপ্রাপ্ত বই প্রকাশনা হিসেবে বিবেচনা করা যাবে। উল্লেখ্য, ০১ (এক) টি বই ০৩ (তিন) টি গবেষণার সমতুল্য এবং বুক চ্যাপ্টার (Book Chapter) ০১ (এক) টি প্রকাশনা হিসেবে গণ্য হবে।

ছ) বিনা বেতনে বা Extraordinary ছুটি সক্রিয় শিক্ষাকাল বলে বিবেচিত হবে না।

জ) খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ বর্তমানে যে পদে কর্মরত আছে শুধু ঐ পদের পরবর্তী পদের নিয়োগের ক্ষেত্রে খুলনা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম অনুসরণ করা হবে।

ঝ) বিশ্ববিদ্যালয়ের কর্মরত শিক্ষকগণের শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য ক্ষেত্রে শিথিল করা যাবে (এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যন্ত)।

ঞ) যেহেতু গ্রেড-০২ এবং গ্রেড-০১ পদোন্নতি হিসেবে অষ্টম জাতীয় বেতন কাঠামোতে বিবেচিত, সেহেতু গ্রেড-০২ এবং গ্রেড-০১ অধ্যাপক পদে লেটারাল বা সরাসরি নিয়োগ গ্রহণযোগ্য হবে না।

ট) বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক কাজের অভিজ্ঞতাকে সক্রিয় শিক্ষাকাল হিসেবে গণ্য করে কোনো পদের জন্য প্রয়োজনীয় চাকরির সময়কাল/প্রকাশনার সংখ্যা কমানো যাবে না।

**আবেদনের শর্তাবলী:**

১) আবেদন অনলাইন (Online) এ করতে হবে এবং অনলাইনে পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করত: প্রয়োজনীয় (৪নং শর্তে চাহিত) কাগজপত্রাদিসহ ১০ (দশ) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে। উল্লেখ্য, ৬০০/- (ছয়শত) টাকা অনলাইন (Online) এ পেমেন্ট করে যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে জমাকৃত স্লিপ সংযুক্ত করতে হবে। অনলাইন (Online) এ আবেদন ফরম, পেমেন্ট, নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http:/www.ku.ac.bd/career) পাওয়া যাবে।

২) খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৩) চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।

**৪) প্রতি সেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে:**

ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি)

খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি

গ) সকল মার্কসিট/ ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি

ঘ) নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি

৫) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/ বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

৬) আবেদনপত্র আগামী ১৪-০৮-২০২৫ থেকে ০৪-০৯-২০২৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অনলাইন (Online)-এ অথবা অফিস চলাকালীন সময়ে ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌছাতে হবে।

৭) কোনো চাকরিপ্রার্থী খুলনা বিশ্ববিদ্যালয় / অন্যান্য যে কোনো বিশ্ববিদ্যলয় থেকে যে কোনো মেয়াদে শাস্তিপ্রাপ্ত/অর্থ দন্তে দন্ডিত হলে খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পদে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তবে কেউ যদি শাস্তির বিষয়টি গোপন রেখে চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রাপ্ত শাস্তির বিষয়টি প্রকাশিত হলে তাকে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের চাকরির আবেদন ফরমে প্রার্থীদের কোনো ধরণের শাস্তিপ্রাপ্ত কিনা তা একটি কলামে সংযোজন এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বিষয়টির উল্লেখ থাকতে হবে।

৮) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ ডি.এ. প্রদান করা হবে না।

৯) প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি হতে পারে।

১০) নিয়োগ সংক্রান্ত সকল সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


স্বাক্ষরিত/-

**(প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান)**

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

E-mail: registrar@ku.ac.bd